

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৫৬.২০১৭-২২০৬

তারিখ ২২ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ রীট পিটিশন নং- ১৮৩৩৫/২০১৭ এর ৪.৬.২০১৮ তারিখের আদেশ সংক্রান্ত ।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত ৭.৬.২০১৮ তারিখে প্রেরিত রুলের কপি ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ বাবুল হোসেন (বরখাস্তকৃত) অফিস সহায়ক, প্রধানমন্ত্রীর কার্যালয় (গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলা প্রকৌশলীর দপ্তরে কর্মরত) এর সরকারী বাসা বরাদ্দ বাতিলাদেশ রদ করার দাবীতে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৬ জনকে প্রতিপক্ষ করে ১৮৩৩৫/২০১৭ দায়ের করেন। বিজ্ঞ আদালত ৪.৬.২০১৮ তারিখের আদেশে পূর্বের স্থগিতাদেশের মেয়াদ আরও ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা হয়েছে। রীটের বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয়ের সঙ্গে সম্পৃক্ত। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় রীটের ২নং প্রতিপক্ষ।

২। এমতাবস্থায়, রীট পিটিশন নং ১৮৩৩৫/২০১৭ এ ৪.৬.২০১৮ তারিখে প্রদত্ত আদেশের কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তঃ ১ (এক) ফর্দ।


০৫.৭.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

পরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর কার্যালয়।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।